


ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3.
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Email: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd



ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০১.০০৮.২৩. ৯) ৫ ৬

তারিখ: ১৪ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ
২৯ ফাল্গুন' ১৪২৯ বঙ্গাব্দ

“পুনঃ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি”

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ওয়ার্কসপের বিনষ্ট ট্রান্সফরমার হতে অপসারণকৃত অব্যবহৃত পাত, টিনের কৌটা, কোরের শীট নিলামে বিক্রয়ের জন্য “যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে” নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার প্যাডে সীলমোহরকৃত পুনঃ নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | মালামালের বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (প্রতি কেজি) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---------|---|----------------------|----------------------------------|----------------------------|
| ০১ | ওয়ার্কসপে বিনষ্ট ট্রান্সফরমারের অব্যবহৃত পাত, টিনের কৌটা, কোরের শীট। | ১০০০ (এক হাজার) কেজি | | |


নিলাম দরপত্র গ্রহণ ও খোলার বিবরণঃ

| | তারিখ | সময় | স্থান |
|--------------|------------------|------------------|---|
| দরপত্র গ্রহণ | ২৩/০৩/২০২৩ খ্রিঃ | বেলা ১১:০০ ঘটিকা | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |
| দরপত্র খোলা | ২৩/০৩/২০২৩ খ্রিঃ | বেলা ১১:০৫ ঘটিকা | ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ সদর দপ্তর, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ। পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৯ম তলা) নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯। |

শর্তাবলী :

- ০১। দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ধৃত দর সর্বোচ্চ ও কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হলে কার্যাদেশ প্রাপ্তির পর প্রদত্ত দরের উপর ১০% (শতকরা দশ) হারে উৎস কর এবং ৭.৫% (শতকরা সাত দশমিক পাঁচ) হারে ভ্যাট প্রদান করতে হবে। যা প্রদত্ত দরের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। উক্ত অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে।
- ০২। নিলাম দরপত্র গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ দরকে গৃহীত দর বলে বিবেচনা করা হবে। তবে নিলাম উদ্ধৃত মূল্যের কম মূল্য হলে মালামাল বিক্রি করা হবে না।
- ০৩। নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতিত) সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর সদর দপ্তরে বর্ণিত মালামাল সরেজমিনে পরিদর্শন করা যাবে। বর্ণিত মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে।
- ০৪। নিলাম দরদাতাগণকে নিলাম দরপত্রে নাম, পূর্ণ ঠিকানা, স্বাক্ষর এবং প্রযোজ্য ক্ষেত্রে খামের উপরিভাগে “ওয়ার্কসপে বিনষ্ট ট্রান্সফরমারের অব্যবহৃত পাত, টিনের কৌটা, কোরের শীট নিলাম দরপত্র” স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৫। নিলামে উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না।

- ০৬। গৃহীত সর্বোচ্চ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ দেয়ার ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ পূর্বক মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। উক্ত নিলাম দরপত্রে শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সে ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৮। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।




(মোহাম্মদ আবুল কালাম আজাদ)

জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতি ও বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (দরপত্র গ্রহণ ও খোলার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি দপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবো এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ময়মনসিংহ।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কার্যালয়/সড়ক ও জনপথ, ময়মনসিংহ।
- ০৭। ডিজিএম, কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
- ০৮। এজিএম (অর্থ/ওএলএম/সদস্য সেবা/প্রশাসন/আইটি), মপবিস-৩।
- ০৯। এজিএম (ওএলএম), তারাকান্দা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ময়মনসিংহ (উত্তর)।
- ১১। মেসার্স.....
- ১২। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-৩: অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৩। নোটিশ বোর্ড, মপবিস-৩।
- ১৪। অফিস কপি/মাস্টার কপি।



(মোহাম্মদ আবুল কালাম আজাদ)

জেনারেল ম্যানেজার

